# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৬ষ্ঠ বিষয় ঃ বাংলা (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট পূর্ণমান ঃ ৩০**

[প্রত্যেক প্রশ্নের মান সমান]

১। লেখক কখন সুয়েজ বন্দরে পৌঁছলেন?
ক) সকালে খ) সন্ধ্যায় গ) দুপুরে ঘ) বিকালে

২। রেস্তোরাঁর রান্নাঘর থেকে কে ছুটে এসেছিলেন?
ক) ম্যানেজার খ) বাবুর্চি গ) বেয়ারা ঘ) ক্রেতা

৩। 'নীলনদ আর পিরামিডের দেশ'- এ বর্ণিত নিগ্রোরা-?
i) অতি খানদানি ii) গায়ে তেল মাখেনা
iii) ভেড়ার লোমের মতো কোঁকড়া চুল ও বোঁচা নাকের অধিকারী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪। সাবু কাকে দেখে অবাক হয়ে তাকিয়ে ছিলেন?
ক) প্রৌঢ় নারীকে দেখে খ) কিশোর ছেলেকে দেখে
গ) বৃদ্ধ লোককে দেখে ঘ) ছোট শিশুকে দেখে

৫। 'তোলপাড়' গল্পে উল্লিখিত বুড়োর বয়স কত বছর?
ক) ৫০ বছর খ) ৬০ বছর গ) ৭০ বছর ঘ) ৮০ বছর

৬। ঢাকায় গুলি করে মানুষ মারছিল কারা?
ক) পাঞ্জাবি পুলিশ খ) পাকিস্তানি ইপিআর
গ) পাঞ্জাবী মিলিটারিঘ) পাকিস্তানি গোয়েন্দা

৭। ১৯৫২ সালের নিরাপত্তা আইনে কাকে গ্রেফতার করা হয়েছিল?
ক) মুনীর চৌধুরী খ) মহিউদ্দিন আহম্মদ
গ) শেখ মুজিবুর রহমান ঘ) শামসুল হক

৮। ২১শে ফেব্রুয়ারী সকালে কোথায় ছাত্র সভা অনুষ্ঠিত হয়?
ক) আমতলায় খ) কাঁঠালতলায় গ) জামতলায় ঘ) ছাতিমতলায়

৯। ২২শে ফেব্রুয়ারি কারা শহিদ হন?
ক) শফিউর ও আউয়াল খ) শফিকুর ও জব্বার
গ) বরকত ও সালামঘ) রফিক ও সফিক

১০। কোনটি ডিঙিয়ে সূর্যের আলোকে পৃথিবীতে আসতে হয়?
ক) মধ্যাকর্ষণ শক্তি খ) চুম্বকীয় টান গ) হাওয়ার কণা ঘ) কক্ষপথ

১১। হৃদয় ভরে উঠে কেন?
ক) বেহেশতের লোভে খ) সাল্লাল্লাহু মোস্তফা বলায়
গ) ধন-সম্পদের প্রলোভনে ঘ) মুক্তি মিলবে বলে

১২। কবির ভাষায় ঝিঙে ফুল কাকে ভালোবাসে?
ক) সবুজ পাতাকে খ) মাটি মাকে গ) শ্যামলী মাকে ঘ) প্রজাপতিকে

১৩। আসমানের তারা ঝিঙে ফুলকে কোথায় যেতে বলে?
ক) সাগরে খ) পাহাড়ে গ) আকাশে ঘ) পৃথিবী ছেড়ে

১৪। কোনটি মানুষের সৃষ্টি?
ক) বর্ণভেদ খ) গায়ের রং গ) রক্তের রং ঘ) শারীরিক গঠন

১৫। কীসের সাথে মানুষের বুনিয়াদ গাঁথা?
ক) বংশের খ) অর্থের গ) দুনিয়ার ঘ) পরকালের

১৬। মানুষের বাইরের ছোপ কীসে লোপ পায়?
ক) বিভেদে খ) পলকে গ) আঁচড়ে ঘ) তফাতে

১৭। মানুষের আসল পরিচয় কী?
ক) সাদা খ) যোদ্ধা গ) সাহসী ঘ) মানুষ

১৮। প্রত্যয় শব্দের কোথায় বসে?
ক) পরে খ) পূর্বে গ) মাঝে ঘ) সঙ্গে

১৯। শব্দের পরে যে বিভক্তি বসে তাকে কী বলে?
ক) নাম বিভক্তি খ) পদ বিভক্তি গ) শব্দ বিভক্তি ঘ) ক্রিয়া বিভক্তি

২০। শব্দ কত প্রকার?
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

২১। বিশেষ্যের পরিবর্তে বা ব্যবহৃত হয় তকে কী বলে?
ক) বিশেষণ খ) সর্বনাম গ) ক্রিয়া ঘ) অব্যয়

২২। কোন শব্দ দ্বারা নারী ও পুরুষ উভয়কে বোঝায়?
ক) দাদা খ) মামা গ) উপাচার্য ঘ) খালা

২৩। বাংলা ভাষার বিশেষ্য ও সর্বনামের সংখ্যাগত কত ধরণের ধারণা পাওয়া যায়?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৪

২৪। ইচ্ছুক শব্দটিতে কোন প্রত্যয়টি যুক্ত হয়েছে?
ক) -অক খ) -ইক গ) -উক ঘ) -আক

২৫। বিবৃতিমূলক বাক্য কত প্রকার?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২৬। সংবাদ পাওয়ার জন্য শ্রোতাকে লক্ষকরে যে বাক্য বলা হয় তাকে কী বলে?
ক) বিস্ময় বোধক বাক্য খ) অনুজ্ঞাবাচক বাক্য
গ) জিজ্ঞাসা বোধক বাক্য ঘ) বিবৃতিমূলক বাক্য

২৭। ভাবগত দিক থেকে বাক্য কত প্রকার?
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

২৮। বিশেষ অর্থ বহন করে এমন শব্দকে কী বলে?
ক) দ্বিরুক্তশব্দ খ) সমশব্দ গ) পরিভাষিক শব্দ ঘ) প্রতিশব্দ

২৯। সমার্থশব্দের অপর নাম কী?
ক) বিকল্প শব্দ খ) সমশব্দ গ) সমোচ্চারিত শব্দ ঘ) প্রতিশব্দ

৩০। যে সকল শব্দ সমান বা একই অর্থ প্রকাশ করে তাকে কী বলে?
ক) বিকল্প শব্দ খ) সমার্থ শব্দ গ) সমোচ্চারিত শব্দ ঘ) রূপক

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৬ষ্ঠ বিষয় ঃ বাংলা (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান ঃ ৭০**

**সৃজনশীল-৪০**

যে কোনো ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাওঃ

১। সেন্ট মার্টিন দ্বীপের উদ্দেশ্যে আমরা কয়েক জন বন্ধু মিলে রওয়ানা হলাম। উদ্দেশ্যে দু' চোখ ভরে প্রাকৃতিক দৃশ্য উপভোগ করা। ঢাকা থেকে চট্টগ্রাম আবার সেখান থেকে কক্সবাজার গেলাম, সেখান থেকে সেন্ট মার্টিন, অপূর্ব দৃশ্য আর সৌন্দর্যের মাখামাখি। কোরাল পাথরের ছড়াছড়ি সেন্ট মার্টিন এর এক বিশাল অহংকার। এছাড়াও আছে নীল পানির এক রাজপুরী। সেখানে কচ্ছপেরা অবাধে ঘুরে বেড়ায় ডিম পাড়ে; কাঁকড়রা দল বেঁধে আল্পনা আঁকে। সেন্টমার্টিনে না গেলে প্রাকৃতিক সৌন্দর্যের এই লীলাভূমি অদেখাই থেকে যেত।

ক) 'নীলনদ আর পিরামিডের দেশ'- কার লেখা? ১

খ) উটের চোখগুলো রাতের বেলা সবুজ দেখাচ্ছিল কেন? ২

গ) ভ্রমনকারীদের যাত্রা পথের সাথে লেখকের মিশর ভ্রমণের কী মিল খুঁজে পাওয়া যায়? বর্ণনা কর।৩

ঘ) 'সেন্ট মার্টিন না গেলে প্রাকৃতিক সৌন্দর্যের এই নীলাভূমি অদেখাই থেকে যেত'-এই বক্তব্য অনুসরণে নীলনদের সৌন্দর্যের সাদৃশ্য দেখাও। ৪

২। নোমান সাহেব রিক্সায় ধাক্কা খেয়ে পায়ে ভীষণ ব্যথা পেলেন। রণি তাঁকে উঠিয়ে পরিচয় জিজ্ঞেস করায় তিনি বললেন, আমি মুক্তি যোদ্ধা নোমান। রনি তাকে সালাম জানিয়ে কাছের বন্ধুদের ডেকে এনে তাঁকে হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করে। মুক্তিযোদ্ধা নোমান সুস্থ হয়ে রনিকে কিছু বখশিশ দিতে চাইলে রনি একজন মুক্তিযোদ্ধার সেবা করতে পারাকেই বড় বখশিশ বলে জানায়।

ক) সাবুর মায়ের নাম কী? ১

খ) 'আর এখন কিছু করতে না পারলে অসোয়াস্তি'-সাবুর এই মনোভবের কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের মুক্তিযোদ্ধা নোমানের সঙ্গে 'তোলপাড়' গল্পের মিসেস রহমানের সাদৃশ্য ব্যাখ্যা কর।৩

ঘ) তুমি কী মনে কর রনির ভূমিকা 'তোলপাড়' গল্পের সাবুর ভূমিকারই প্রতিচ্ছবি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৩। i) ইটের মিনার ভেঙেছে ভাঙ্গুক! ভয় কী বন্ধু, দেখ একবার আমরা জাগরী চার কোটি পরিবার।

ii) জ্বলে পুড়ে মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক) ২১ ফেব্রুয়ারী রাষ্টভাষা দিবস হিসাবে পালন করার সিদ্ধান্ত কত তারিখে নেওয়া হয়? ১

খ) ২৬ শে জানুয়ারী ঢাকায় ছাত্র সমাজ প্রতিবাদে ফেটে পড়ে কেন বুঝিয়ে লেখ। ২

গ) প্রথম উদ্দীপকটি 'অমর একুশে' প্রবন্ধের কোন দিকটিকে প্রকাশ করছে ব্যাখ্যা কর। ৩

ঘ) দ্বিতীয় উদ্দীপকটি যেন ভাষা আন্দোলনকারীদের মনোভাবকেই ধারণ করে বিশ্লেষণ কর। ৪

৪। সাইম, রাইদুল ও ইব্রাহীম তিন বন্ধু। ঈদ, পুজা ও বড়দিনে তারা একে অন্যের বাড়ি বেড়াতে যায়। আনন্দে-উৎসবে, সুখে-দুঃখে একে অন্যকে সাহায্যে সহযোগিতা করে। এরূপ আচরণে তাদের বাবা-মা, খুব খুশি। রহিমের বাবা বলেন, তোমরা অতি অসাধারণ। তোমাদের মতো সবাই বন্ধু-সুলভ হলে এ পৃথিবী আরো সুন্দর বাসস্থান হবে।

ক) 'মানুষ জাতি' কোন কাব্য গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১

খ) 'দুনিয়া সবারি জনম বেদী'- একথা দ্বারা কী বুঝানো হয়েছে? ২

গ) সাইম, রাইসুল ও ইব্রাহিম বন্ধুত্বের 'মানুষজাতি' কবিতার কেন বক্তব্যটি ফুটে উঠেছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সাইমের বাবার মন্তব্যই যে, 'মানুষজাতি' কবিতার মূলসুর- উক্তিটি বিশ্লেষণ কর।৪

৫। পৃথিবীতে আজ আবারও হানাহানি, যুদ্ধ, অনাচার আর বৈষম্য দেখা যাচ্ছে। আমরা আইয়ামে জাহিলিয়াতের কাল পেরিয়ে বর্তমান আলোকিত সভ্যতার দাঁড়িয়ে আছি। আমাদের জন্য সবচেয়ে উত্তম আদর্শ মুহাম্মদ (সা.) এর জীবন দর্শন। আমরা যদিও জগতে তার দেখানো পথে চলি তবে শান্তি আর সাম্যের অভাব হবে না। অতএব, প্রত্যেকেরই উচিত নবী (সা.) এর জীবনাদর্শকে নিজ নিজ ক্ষেত্রে অনুসরণ করা।

ক) কার পূণ্যের জ্যোতিতে পৃথিবী আলোকিত হলো? ১

খ) "তকবির বলে দিওয়ানা সে হলো"- এ চরণের তাৎপর্য কী? ২

গ) উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে কীভাবে এলো যে মুহাম্মদ কবিতার আলোকে শান্তি প্রতিষ্ঠা করা যায়। ৩

ঘ) জগতে শান্তি প্রতিষ্ঠায় মুহাম্মদ (সা.) এর জীবনাদর্শ অনুসরণ করা কেন গুরুত্বপূর্ণ? উদ্দীপক ও এলো যে মুহম্মদ কবিতা অবলম্বনে ব্যাখ্যা কর। ৪

৬। সিহাব ঢাকা শহরে বড় হয়েছে। গ্রাম তার মোটেও ভালো লাগেনা। তার ধারণা গ্রাম মানে ময়লা, কাদা, ধূলা, বালি আর সাদা-মাটা মানুষের সমারোহ। প্রতি বছর তার বাবা-মা গ্রামের বাড়িতে বেড়াতে গেলেও সে শহরেই থেকে যায়। সে বলে, ওখানে মানুষ যায় নাকি?

ক) 'গুল্মে পর্ণে' অর্থ কী? ১

খ) 'ঝিঙে ফুল' কবিতাটি কোন ধরনের তা বুঝিয়ে লেখ? ২

গ) উদ্দীপকের সিহাবের মনোভাব 'ঝিঙেফুল' কবিতার বিষয়বস্তুর ঠিক উল্টো চিত্র-ব্যাখ্যা কর।৩

ঘ) গ্রাম ও প্রকৃতির অপার সৌন্দর্য সিহাবের মনে দাগ কাটতে পারে নি'- ঝিঙেফুল' কবিতা অবলম্বনে এ উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

## ব্যাকরণ অংশ-৩০

৭। ভাব-সম্প্রসারণ লিখ যে কোন ১টি — ৫

ক) কর্ম মানুষকে বাঁচিয়ে রাখে।

খ) শিক্ষাই জাতির মেরুদন্ড।

৮। অনুচ্ছেদ লিখ যে কোন ১টি। — ৫

ক) শীতের পিঠা।

খ) ছবি আঁকা।

৯। সারাংশ লিখঃ — ৫

সাজ-সজ্জায় দিকে বেশ ঝোঁক ছিল প্রাচীন বাঙালির। চুলে বাহার ছিল দেখাবার মতো। মাথার উপরে, চুড়ো করে বাঁধত চুল। এখন মেয়েরা যেমন ফিতে বাঁধে চুলে, তখন শৌখিন পুরুষেরা অনেকটা তেমনি করে ফোঁকড়া চুল কপালের উপর বেঁধে রাখত। মেয়েরা নিচু করে খোঁপা বাঁধত নয়তো উচু করে বাঁধত ঘোড়াচুড়। কপালে টিপ দিত, পায়ে আলতা চোখে কাজল আর খোঁপায় ফুল। নানা রকম প্রসাধনীও ব্যবহার করত তারা। মেয়েরা তো বটেই, ছেলেরাও সে যুগে অলংকার ব্যবহার করত। সোনার অলংকার পরতে পেত শুধু বড়লোকেরা। তাদের বাড়ির ছেলেরা সুবর্ণ কুন্তল পরত, মেয়েরা কানে দিত সোনার তাবেঙ্গ। হাতে, বাহুতে, গলায় মাথায় সর্বত্রই সোনা মণি মুক্তো শোভা পেত তাদের মেয়েদের। সাধারণ পরিবারের মেয়েরা হাতে পরত শাঁখা, কানে কচি কলাপাতার মাকড়ি, গলায় ফুলের মালা।

**অথবাঃ**

**সারমর্ম লিখঃ**

নাইকিরে সুখ? নাইকিরে সুখ?-
এ ধরা কি শুধু বিষাদময়?
যাতনে জ্বলিয়া কাঁদিয়া মরিতে
কেবলি কি নর জনম লয়?
বল ছিন্ন বীলে, বল উচ্চৈঃস্বরে-
না-, না-, না-, মানবের তরে
আছে উচ্চ লক্ষ্য, সুখ উচ্চতর
না সৃজিলা বিধি কাঁদাতে নরে।
কার্যক্ষেত্রে ঐ প্রশস্ত পড়িয়া
সমর অঙ্গনে সংসার এই,
যাও বীরবেশে কর গিয়া রণ,
যে জিতিবে সুখ লভিবে সে-ই।

১০। বিনা বেতনে অধ্যয়নের জন্য অধ্যক্ষের নিকট আবেদন কর। — ৫

**অথবাঃ**

পরীক্ষায় ভালো ফলাফলের সংবাদ জানিয়ে বাবার কাছে একখানা পত্র লিখ।

১১। যে কোন ১টি বিষয়ে রচনা লিখ। — ১০

ক) বর্ষাকাল　　খ) সত্যবাদিতা

গ) আমার দেখা নদী　　ঘ) আমাদের গ্রাম